খালেদা জিয়ার গাড়িবহরে হামলার আসামি ছাত্রলীগ নেতা পেলেন জামিন



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার গাড়িবহরে হামলার মামলায় নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ নেতা লাভলু মোল্লাহ শিশিরকে জামিন দিয়েছেন আদালত।

রোববার (২৬ এপ্রিল) ঢাকার একটি আদালত তার জামিন মঞ্জুর করেন।

মামলার নথি অনুযায়ী, ২০১৫ সালের ২২ এপ্রিল নির্বাচনী প্রচারণার সময় রাজধানীর শাহবাগের বাংলামোটর এলাকায় খালেদা জিয়ার গাড়িবহর লক্ষ্য করে হামলার ঘটনা ঘটে। অভিযোগ অনুযায়ী, অস্ত্রশস্ত্র নিয়ে আসামিরা ওই হামলায় অংশ নেয় এবং তার গাড়িবহরের ১২ থেকে ১৪টি গাড়ি ভাঙচুর করে। একই সময় চারটি মোটরসাইকেলে আগুন দেওয়া হয় এবং বিএনপি নেতাকর্মীদের ওপর হামলা চালানো হয়। এতে খালেদা জিয়ার নিরাপত্তাকর্মীরাও আহত হন।

উল্লেখযোগ্যভাবে, ২০২৫ সালের নভেম্বরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রশাসনিক ভবন থেকে তাকে আটক করে পুলিশের হাতে সোপর্দ করে। লাভলু মোল্লাহ শিশির ছাত্রজীবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্যসেন হল শাখা ছাত্রলীগের সভাপতি ছিলেন।

LENS ASIA